নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী: ৩৯৯৬ তারিখ: ২৪।৯।২০
গ্রহণকারী ঃ-
| অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র: |
|---|---|---|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

মুজিববর্ষের অঙ্গীকার
গণপূর্ত টেকসই উন্নয়নের রূপকার।

সংস্থাপন শাখা-১

স্মারক নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০৩.১৯- ১০৩৮

তারিখঃ ০৬ ভাদ্র ১৪২৬ / ২১ সেপ্টেম্বর ২০২০

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান প্রসংগে।

সূত্রঃ ১। মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নম্বরঃ ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.১০৪ তারিখঃ ০৩/০৪/২০১৭খ্রিঃ।
২। গণপূর্ত অধিদপ্তরের স্মারক নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০৩.১৯.৩৯৮ তারিখঃ ০৩/০৩/২০২০ খ্রিঃ।

সম্মানের সাথে উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭" এর আলোকে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। বর্ণিত প্রেক্ষাপটে উপর্যুক্ত নীতিমালারর আলোকে শুদ্ধাচার পুরস্কার ২০১৯ প্রদানের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক একটি নীতিমালা তৈরী করা হয়েছে। উক্ত নীতিমালার আলোকে গণপূর্ত অধিদপ্তরের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী তাঁর অধিক্ষেত্রে গ্রেড- ৪ হতে ৬ পর্যন্ত ০৩(তিন) জন, গ্রেড ৯ হতে ১০ পর্যন্ত ০৩(তিন) জন এবং গ্রেড ১১ হতে ২০ পর্যন্ত ০৩(তিন) জন করে পুরস্কার প্রদানের নিমিত্তে কর্মকর্তা/কর্মচারী মনোনয়োনের জন্য সূত্রোস্থ স্মারক (২) এর মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবদি রংপুর গণপূর্ত জোন, রংপুর এবং নওগাঁ গণপূর্ত বিভাগ, নওগাঁ ব্যতীত অন্য কোন দপ্তর থেকে চাহিদা মোতাবেক পুরস্কার প্রদানের লক্ষ্যে প্রস্তাবিত কোন কর্মকর্তা/কর্মচারীর নাম অত্র দপ্তরে প্রেরণ করা হয় নাই।

এমতাবস্থায় আগামী ২৫/১০/২০২০ খ্রীঃ তারিখের মধ্যে সংযুক্ত নীতিমালা যথাযথভাবে অনুসরন করে বর্ণিত সংখ্যক কর্মকর্তা/কর্মচারীদের নাম প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পূনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

21.09.2020

(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬০৯৯৯
se_est@pwd.gov.bd

বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে):

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(স্বাস্থ্য উইং)/(পওবি প্র)/ (ই/এম)/(ই/এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন জোন/ চট্রগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, উন্নয়ন/সমন্বয়/পিপিসি, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ------------------------ গণপূর্ত সার্কেল, -----------------------।
০৫। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। নির্বাহী প্রকৌশলী, ওএন্ডএম/তদন্ত কোষ/পিপিসি, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৮। নির্বাহী প্রকৌশলী, -----------------------------গণপূর্ত বিভাগ, --------------------------।
০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা। **পত্রটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।**

- <u>প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে কমিটিঃ</u>

| | | |
|---|---|---|
| প্রধান প্রকৌশলী | - | আহবায়ক |
| অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়) | - | সদস্য-সচিব |
| অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র) | - | সদস্য |
| অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম পিএন্ডডি) | - | সদস্য |

- <u>অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে কমিটিঃ</u>

| | | |
|---|---|---|
| অতিরিক্ত প্রধান প্রকৌশলী | - | আহবায়ক |
| সংশ্লিষ্ট গণপূর্ত জোনের সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী | - | সদস্য |
| সংশ্লিষ্ট গণপূর্ত জোনের নির্বাহী প্রকৌশলী (ষ্টাফ অফিসার) | - | সদস্য-সচিব |

- <u>তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে কমিটিঃ</u>

| | | |
|---|---|---|
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী | - | আহবায়ক |
| সংশ্লিষ্ট গণপূর্ত সার্কেলের সকল নির্বাহী প্রকৌশলী | - | সদস্য |
| সংশ্লিষ্ট গণপূর্ত সার্কেলের সহকারী প্রকৌশলী (ষ্টাফ অফিসার) | - | সদস্য-সচিব |

- <u>নির্বাহী প্রকৌশলীর সভাপতিত্বে কমিটিঃ</u>

| | | |
|---|---|---|
| নির্বাহী প্রকৌশলী | - | আহবায়ক |
| সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের সকল উপ-বিভাগীয় প্রকৌশলী | - | সদস্য |
| সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের সহকারী প্রকৌশলী (ষ্টাফ অফিসার) | - | সদস্য-সচিব |

- যে কোন পর্যায়ে পুরস্কারের জন্য বিবেচিত /মনোনীত কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট কমিটি থেকে অব্যাহতি পাবেন।

Shaha 03.03.2020

(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬০৯৯৯।
se_est@pwd.gov.bd

৩.৯ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের উপজেলা কার্যালয়সমূহের প্রধানদের মধ্য হতে একজন কর্মচারী, এবং

৩.১০ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের উপজেলা কার্যালয়সমূহের গ্রেড-৫ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ ভুক্ত হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী;

***সচিব** বলতে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিবকে বুঝাবে

****কর্মচারী** বলতে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে চাকরিরত সকলকে বুঝাবে।

**৪। মূল্যায়ন পদ্ধতি:**

নীতিমালায় বর্ণিত সূচক (Indicator)-এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ১৮টি সূচকে ৯০ নম্বর এবং মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রমে ১০ নম্বরসহ নিম্নের ছকে উল্লিখিত মোট ১০০ নম্বর বিবেচনা করা যেতে পারে:

**ছক: শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহ (Indicators)**

| ক্রম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১। | পেশাগত জ্ঞান ও দক্ষতা | ৫ | |
| ২। | সততার নিদর্শন | ৫ | |
| ৩। | নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা | ৫ | |
| ৪। | শৃঙ্খলাবোধ | ৫ | |
| ৫। | সহকর্মীদের সঙ্গে আচরণ | ৫ | |
| ৬। | সেবা গ্রহীতার সঙ্গে আচরণ | ৫ | |
| ৭। | প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা | ৫ | |
| ৮। | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ৫ | |
| ৯। | তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা | ৫ | |
| ১০। | পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা | ৫ | |
| ১১। | ছুটি গ্রহণের প্রবণতা | ৫ | |
| ১২। | উদ্ভাবন চর্চা | ৫ | |
| ১৩। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা | ৫ | |
| ১৪। | সোশ্যাল মিডিয়া ব্যবহার | ৫ | |
| ১৫। | স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ | ৫ | |
| ১৬। | উপস্থাপন দক্ষতা | ৫ | |
| ১৭। | ই-ফাইল ব্যবহারে আগ্রহ | ৫ | |
| ১৮। | অভিযোগ প্রতিকারে সহযোগিতা | ৫ | |
| ১৯। | মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম | ১০ | |
| | মোট | ১০০ | |

“শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের প্রস্তাবিত পুরস্কার

| অনুচ্ছেদ | বিবরণ | গণপূর্ত অধিদপ্তরের প্রযোজ্য ক্ষেত্র সমূহ | পুরস্কারের সংখ্যা | প্রস্তাবিত মূল্যায়ন কমিটি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩.৬ | মন্ত্রণালয়/ বিভাগ/ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের বিভাগীয়/ আঞ্চলিক কার্যালয়সমূহের গ্রেড-০৩ হতে গ্রেড-১০ ভূক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত একজন কর্মচারী। | ক. অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় হতে ০১ (এক) জন। (গ্রেড-০৪ হতে গ্রেড-১০ ভূক্ত কর্মচারী)। | ১ টি | পুরস্কার প্রদানের লক্ষ্যে অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় মনোনীত কর্মকর্তার নাম প্রস্তাব করবেন। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক ০৩(তিন) জনের নাম প্রস্তাব করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে গঠিত কমিটি পুরস্কার প্রদানের লক্ষ্যে ০১ (এক) জনকে নির্বাচন করবেন। |
| | | খ. অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় হতে ০১ (এক) জন। (গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত কর্মচারী)। | ১ টি | পুরস্কার প্রদানের লক্ষ্যে অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের সমন্বয়ে গঠিত কমিটি। | প্রস্তাবিত মূল্যায়ন কমিটি কর্তৃক ০৩(তিন) জনের নাম প্রস্তাব করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে গঠিত কমিটি পুরস্কার প্রদানের লক্ষ্যে ০১ (এক) জনকে নির্বাচন করবেন। |
| ৩.৭ | মন্ত্রণালয়/ বিভাগ/ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের জেলা কার্যালয়সমূহের প্রধানদের মধ্যে হতে একজন কর্মচারী | সারাদেশে মাঠপর্যায়ের সকল গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী হতে ০১ (এক) জন। | ১ টি | পুরস্কার প্রদানের লক্ষ্যে অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের সমন্বয়ে গঠিত কমিটি। | -ঐ- |
| ৩.৮ | মন্ত্রণালয়/ বিভাগ/ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের জেলা কার্যালয়সমূহের গ্রেড-০৪ হতে গ্রেড-১০ ভূক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত একজন কর্মচারী। | ক. নির্বাহী প্রকৌশলীর কার্যালয় হতে ০১ (এক) জন। (গ্রেড-০৬ হতে গ্রেড-১০ ভূক্ত কর্মচারী)। | ১ টি | তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী মহোদয়ের সমন্বয়ে গঠিত কমিটি। | -ঐ- |
| | | খ. নির্বাহী প্রকৌশলীর কার্যালয় হতে ০১ (এক) জন। (গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত কর্মচারী)। | ১ টি | নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী মহোদয়ের সমন্বয়ে গঠিত কমিটি। | -ঐ- |
| ৩.৯ | মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের উপজেলা কার্যালয়সমূহের প্রধান সমূহের প্রধানদের মধ্যে হতে একজন কর্মচারী। | সারাদেশে মাঠপর্যায়ের সকল গণপূর্ত উপ-বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী হতে ০১ (এক) জন। | ১ টি | তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী মহোদয়ের সমন্বয়ে গঠিত কমিটি। | -ঐ- |
| ৩.১০ | মন্ত্রণালয়/বিভাগ/ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের উপজেলা কার্যালয়সমূহের গ্রেড-০৫ হতে গ্রেড-১০ ভূক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত একজন কর্মচারী। | সকল গণপূর্ত উপ-বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয় হতে ০১ (এক) জন। (গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত কর্মচারী)। | ১ টি | নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী মহোদয়ের সমন্বয়ে গঠিত কমিটি। | -ঐ- |

03.03.2020

নন্দিতা রাণী সাহা
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।